গাংনীতে বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকীতে যাওয়ায় যুবদল নেতার উপর হামলা

বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকীর মিছিলে আসায় সাজেদুল ইসলাম (৩৬) নামের ওয়ার্ড যুবদলের সাংগাঠনিক সম্পাদককে লাঠি দিয়ে পিটিয়ে আহত করেছে বলে অভিযোগ উঠেছে।
শনিবার (৩ সেপ্টেম্বর) দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের ঘাটপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।
আহত সাজেদুর রহমান বেতবাড়িয়া গ্রামের ঘাটপাড়া এলাকার আব্দুস সালামের ছেলে।
আহত সাজেদুরকে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছেন।
বেতবাড়িয়া গ্রামের স্থানীয় আওয়ামীলীগ কর্মী মিলন হোসেন ও কোবরুল ইসলাম তাকে মিরপিট করেছে বলে জানান তিনি।
সাজেদুর বলেন, ১ তারিখে বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকীর সমাবেশে বিপুল পরিমান কর্মী সমর্থক নিয়ে এসেছিলাম। তারপর থেকে আমাকে মারার ঘোষণা দেই তারা। শনিবার সন্ধ্যার পর বাজার থেকে বাড়িতে ফেরার সময় তার আমার উপর অতর্কিত হামলা চালায়। আমাকে স্থানীয়রা তার হাত থেকে রক্ষা করে হাসপাতালে পাঠান।
এঘটনায় মামলা দায়ের করার প্রস্ততি নিচ্ছেন বলে জানান আহত সাজেদুল।
তবে, অভিযুক্তদের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তাদের পাওয়া যায়নি।

গাংনীতে চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তার চেক বিতরণ

চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ১০ লাখ ৩০ হাজার টাকা সহায়তা পেলেন গাংনীর ৩৩ জন।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনের সুপারিশে এ সহায়তা দেন প্রধানমন্ত্রী।

আজ শনিবার দুপুরে এমপির গাংনীস্থ বাস ভবনে আনুষ্ঠানিকভাবে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে বক্তৃতা করেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল,সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান মশিউর রহমান,সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক,অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতৃবৃন্দ ও উপকারভোগীরা।

গাংনীতে বিএনপি’র প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

সে উপলক্ষে আজ বৃহস্পতিবার বিকেলে কয়েকটি খন্ড খন্ড মিছিল বিভিন্ন এলাকা থেকে গাংনী বাজারে একত্রিত হয়ে গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে মিলিত হয়। সেখানে বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় গাংনী উপজেলা বিএনপি’র সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সিনিয়র সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

উপজেলা পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলার সঞ্চালনায় বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ সভাপতি কমরেড নাসির,জেলা বিএনপির সহ সভাপতি সাবেক চেয়ারম্যান শিরাজুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও বামুন্দি ইউনিয়নের সাবেক

চেয়ারম্যান আবদুল আওয়াল, মনিরুজ্জামান গাডডু, সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, উপজেলা যুব দলের আহবায়ক চপল বিশ্বাস, পৌর যুব দলের আহবায়ক সাইদুল ইসলাম।

গাংনীতে শিশু ইরান বাদশা হত্যায় দিপুর মৃত্যুদণ্ড বহাল

মেহেরপুরের গাংনী উপজেলার রাধাগোবিন্দপুরের ধলা গ্রামে শিশু ইরান বাদশা হত্যার দায়ে আহম্মেদ শরিফ ওরফে দিপু নামে এক ব্যক্তিকে বিচারিক আদালতের দেওয়া মৃত্যুদণ্ডাদেশ বহাল রেখেছেন হাইকোর্ট।

মৃত্যুদণ্ডাদেশ অনুমোদনের জন্য ডেথ রেফারেন্স গ্রহণ করে বৃহস্পতিবার (০১ সেপ্টেম্বর) বিচারপতি সহিদুল করিম ও বিচারপতি ফাতেমা নজীবের হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন।

আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল বশির আহমেদ। আসামি পলাতক থাকায় তার পক্ষে ছিলেন রাষ্ট্র নিযুক্ত আইনজীবী হাফিজুর রহমান খান।

মামলার বিবরণে জানা গেছে, গাংনী উপজেলার রাধাগোবিন্দপুর ধলা গ্রামের ইমদাদুল হকের স্ত্রী রেনুকা বেগমের সঙ্গে পরকীয়া সম্পর্ক ছিল দিপুর। তাদের মধ্যে বাধা হয়ে দাঁড়ায় রেনুকার ছেলে ইরান বাদশা।

এ কারণে ২০১১ সালের ৪ আগস্ট বিকেলে স্থানীয় স্কুল মাঠ থেকে কৌশলে ইরানকে অপহরণ করে দিপু। ওই রাতেই তিনি পার্শ্ববর্তী মাঠের পাট খেতে নিয়ে ধারালো অস্ত্র দিয়ে গলা কেটে হত্যা করেন ইরানকে।

ওই দিন সন্ধ্যায় গ্রামবাসী সম্ভাব্য সব স্থানে খোঁজ করেও ইরানকে কোথাও পায়নি। পরের দিন সকালে দিপু স্থানীয় পুলিশ ক্যাম্পে জানায় ইরানের মরদেহ মাঠের একটি পাট খেতের আইলে পড়ে আছে।

স্থানীয় ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) মকবুল হোসেন ইরানের মরদেহ উদ্ধার করে। এ সময় দিপুর অসংলগ্ন কথাবার্তা শুনে সন্দেহ হওয়ায় পুলিশ তাকে গ্রেফতার করে।

ওই দিনই ইরানের চাচা জাহাঙ্গীর আলম বাদী হয়ে গাংনী থানায় হত্যা মামলা দায়ের করেন। হত্যাকাণ্ডের ঘটনায় দিপুকে থানায় এনে জিজ্ঞাসাবাদ করলে হত্যার দায় স্বীকার করেন তিনি।

বিচার শেষে ২০১৬ সালের ২২ নভেম্বর মেহেরপুর জেলা দায়রা জজ আদালতের বিচারক মো. রবিউল হাসান আসামি দিপুকে মৃত্যুদণ্ডের আদেশ দেন।

আহমেদ শরীফ ওরফে দিপু রাধাগোবিন্দপুর ধলা গ্রামের মোস্তাক মণ্ডল ওরফে খোকন মণ্ডলের ছেলে। গ্রেফতারের পর দিপু জামিনে বের হয়ে বর্তমানে গিয়ে পলাতক রয়েছেন।

গাংনীর সেই রমেছা খাতুন মারা গেছেন

ছেলে এবং পুত্র বধুর নির্যাতনের অতিষ্ট সেই বৃদ্ধা রমেছা খাতুন মারা গেছেন। আজ বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) সকালের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

রমেছার ভাই আরজ আলী মোবাইল ফোনে এই মৃত্যুর কথা নিশ্চিত করেছেন। এর আগে গতকাল বুধবার দিনব্যাপি বৃদ্ধা রমেছা খাতুনের ছেলে বাকিরুল ইসলাম ও তার স্ত্রী সালমা খাতুন ঝগড়া ঝাটির এক পর্যায়ে তাকে দফায় দফায় শারীরিক নির্যাতন করেছিল।

ফলে দিবাগত রাত ৮টার দিকে রমেছা খাতুন তাদের নির্যাতন থেকে বাঁচতেই বিষপান করেন। রমেছা খাতুন গাংনী উপজেলার কোদাইলকাটি কারিগর পাড়া এলাকার নবী ছদ্দিনের স্ত্রী। তার একমাত্র ছেলে বাকিরুল ও তার স্ত্রী সালমা খাতুনের হাতে প্রায় দিনই শারীরিক নির্যাতনের স্বীকার হচ্ছিলেন তিনি।

রমেছা খাতুনের ভাই আরজ আলী ও প্রতিবেশীরা জানান, রমেছার ছেলে বাকিরুল ইসলাম ও তার স্ত্রী সালমা খাতুন পান থেকে চুন খসতেই রমেছা খাতুনের উপর নেমে আসে অমানুষিক নির্যাতন। বুধবার দিবাগত রাতে সামান্য ঝগড়াকে কেন্দ্র করে ছেলে ও পুত্রবধূ রমেছাকে বেদম মারধর করেন। পুত্রবধূ ও ছেলের মারধর সহ্য করতে না পেরে নিজ ঘরে বিষপান করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, এঘটনায় পরিবারের লোকজনের কোনো অভিযোগ নেই। এছাড়া রমেছার মরদেহ না করার জন্য পরিবারের লোকজন আবেদন করেছেন। স্থানীয় জনপ্রতিনিধির সুপারিশের কারনে ময়না তদন্ত ছাড়াই মরদেহ দাফনের অনুমতি দেওয়া হয়েছে।

গাংনীতে ওএমএসের চাউল বিক্রি শুরু

গাংনীতে ওএমএস কার্যক্রম সম্প্রসারণের অধীনে ৩০ টাকা কেজি দরে জনপ্রতি ৫ কেজি করে প্রতিদিন ৬ টন (১২ হাজার কেজি) চাউল বিক্রি করা হবে।

গাংনী পৌর এলাকায় তিন জন ডিলার ওএমএস এর মাধ্যমে সরকার নির্ধারিত ৩০ টাকা কেজি দরে এই চাল বিক্রি করবেন

গাংনী উপজেলা ও গাংনী খাদ্য অফিসের উদ্যোগে পৌর এলাকার তিনটি ওএমএস কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।

গাংনী উপজেলা খাদ্য অফিসের উপ-খাদ্য পরিদর্শক ফাহিম ফয়সালের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার।

এসময় গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নজমুল আলমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য গাংনী পৌর এলাকায় ৩টি ডিলারের মাধ্যমে ওএমএস র মাধ্যমে প্রতিদিন ৬ হাজার কেজি চাল বিক্রি করা হবে।

গাংনীতে জরিমানা দিয়ে চোর ছাড়িয়ে নিলেন আ.লীগ নেতা

চুরি করতে গিয়ে গৃহকর্তার হাতে ধরা পড়লেও আমিন (২২) নামের এক যুবককে ৪৫ হাজার টাকা জরিমানা দিয়ে ছাড়িয়ে নিলেন স্থানীয় আওয়ামীলীগ নেতা ও ইটভাটার মালিক আব্দুল কুুদ্দুছ ওরফে কালু।

আজ বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) সকালে গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে। এসময় স্থানীয় ইউপি সদস্য সাইদুল ইসলাম ও গণ্যমান্য বক্তিরা উপস্থিত ছিলেন।

স্থানীয়রা জানান, বেতবাড়িয়া গ্রামের আহসান হালসানার ছেলে আমিন, হাবিবুর রহমান ওরফে হাবু’র ছেলে রিজন ও অজ্ঞাত যুবক তিনজন মিলে গতরাতে ভোরের দিকে একই গ্রামের শফিউল ইসলাম শফি মেলেটারীর বাড়িতে চুরি করতে যায়। শফি মেলেটারীর ঘরে স্বর্ণের চেইন চুরি করে পালানোর সময় আমিন নামের ওই যুবক বাউন্ডারি প্রাচীর টপকানোর সময় পা ধরে নামিয়ে ফেলেন গৃহকর্তা। তাকে আটকাতে পারলেও তার অপর দুই সহযোগী পালিয়ে যায়। সকালের দিকে গ্রামের লোকজন জড়ো হলে চুরির অভিযোগে আটকানো যুবক আমিনের পক্ষ নিয়ে দেনদরবার শুরু করেন আব্দুল কুুদ্দুছ ওরফে কালু।

বাড়ির মালিক শফি মেলেটারীকে নানাভাবে চাপ দিয়ে ৪৫ হাজার টাকা জরিমানা করে ছাড়িয়ে নেন তাকে। আমিনকে পুলিশে না দিয়ে ওই প্রভাবশালী কর্তৃক ছাড়িয়ে নেওয়ায় এলাকায় নানা সমালোচনা শুরু হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় এক আওয়ামীলীগ নেতা বলেন, এ

ঘটনায় চুরি ডাকাতির ঘটনা বৃদ্ধি পাবে।

আব্দুল কুুদ্দুছ কালু মোবাইল ফোনে বলেন, ছেলেটা লেখাপড়া করে। এজন্য ছাড়িয়ে নেওয়া হয়েছে। এবিষয়টি নিয়ে আপনারা বাড়াবাড়ি কইরেননা।

স্থানীয় ইউপি সদস্য সাইদুল ইসলাম বলেন, এলাকার গণ্যমান্য ব্যক্তিরা এক যায়গায় বসে এই সিদ্ধান্ত নিয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বিষয়টি নিয়ে খোঁজ খবর নেয়া হবে।

গাংনীতে একদিনে পৃথক চারজনের বিষপান

ছেলে ও পুত্রবধুর অত্যাচারে বৃদ্ধ মা, মোটরসাইকেল না পেয়ে কিশোর ও পারিবারিক কলহের জের ধরে দুই গৃবধু বিষপান করে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন।

গাংনী উপজেলার পৃথক ৪ গ্রামে বুধবার (৩১ আগষ্ট) সকাল থেকে রাত আটটার মধ্যে বিষপানের এঘটনা ঘটে।

এদের মধ্যে বৃদ্ধা রমেছা খাতুন (৬৫) এর অবস্থা আশংকাজনক হওয়ায় কৃুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। বাকী তিনজনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে। গাংনী উপেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ এ তথ্য নিশ্চিত করেছেন।

বুধবার দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার কোদাইলকাটি কারিগর পাড়া এলাকার নবী ছদ্দিনের স্ত্রী রমেছা খাতুন তার একমাত্র ছেলে বাকিরুল ও তার স্ত্রী সালমা খাতুনের হাতে শারীরিক নির্যাতনের স্বীকার হয়ে বিষপান করেন।

রমেছা খাতুনের ভাই আরজ আলী ও রমেছার প্রতিবেশীরা জানান, রমেছার

ছেলে বাকিরুল ইসলাম ও তার স্ত্রী সালমা খাতুন তুচ্ছ ঘটনায় মাঝে মধ্যেই মাতা রমেছা খাতুনকে মারধর করে। বুধবার দিবাগত রাতে সামান্য ঝগড়া ফ্যাসাদকে কেন্দ্র করে ছেলে ও পুত্রবধু রমেছাকে বেদম মারধর করে। পুত্রবধু ও ছেলের মারধর সহ্য করতে না পেরে নিজ ঘরে বিষপান করেন। এদিকে পারিবারিক কলহের জের ধরে এউপজেলার আড়পাড়া গ্রামের শহিদুল ইসলামের স্ত্রী পিঞ্জিরা খাতুন (২৮) রবিবার বিকাল পৌণে পাঁচটার দিকে বিষপান করেন। তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।এছড়া একই উপজেলার বাওট গ্রামের রাসেদুল ইসলামের স্ত্রী রেখা খাতুন (২৫) বিষপান করেন। স্বামী স্ত্রীর মধ্যেকার ঝগড়ার কারনে রেখা বিষপান করে বলে পারিবারিকভাবে জানা গেছে।

এদিকে, মোটরসাইকেল পছন্দ না হওয়ায় সুজুকি মোটরসাইকেল দাবি করে বাবার কাছে। তার দাবি পুরুণ না হওয়ায় জুলফিকার আলী ভূট্ট (১৭) নামের কিশোর বিষপান করেন। গাংনী উপজেলার বাথানপাড়া এলাকায় এ বিষপানের ঘটনা ঘটে।

রাস্তা দখলমুক্ত করলো গাংনী উপজেলা প্রশাসন

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে রাস্তা দখল করে বসছে হাট এমন জনদুর্ভোগের খবর দৈনিক মেহেরপুর প্রতিদিনে প্রকাশিত হওয়ায় উপজেলা প্রশাসনের উদ্যোগে হাটের নির্দিষ্ট স্থানে মাছের হাট স্থানান্তর করা হয়েছে।

গত শনিবার মেহেরপুর জেলার একমাত্র দৈনিক পত্রিকা দৈনিক মেহেরপুর প্রতিদিন এ “রাস্তায় বসে হাট জনদুর্ভোগ চরমে” এমন জনদুর্ভোগের সংবাদ প্রকাশিত হলে গাংনী উপজেলা প্রশাসনের দৃষ্টিগোচর হয়।

পরে হাটের ইজারাদারদের রাস্তায় হাট না বসিয়ে হাটের নির্দিষ্ট বিল্ডিংয়ে এবং নির্দিষ্ট স্থানে হাট বসানোর নির্দেশ দেন
গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। এই নির্দেশনা মোতাবেক বুধবার থেকে হাটের নির্দিষ্ট স্থানে হাট বসতে শুরু করে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের এই উদ্যোগে দীর্ঘদিনের জনদুর্ভোগ লাঘবে লেগুনা চালক

ইসরাফিল প্রশংসা করে জানান, বছর ধরে রাস্তায় হাট বসানোর কারণে যানচলাচল সহ পথচারীরা দুর্ভোগকে পড়তেন। আমরাও লেগুনা চালাতে যে ছোটখাটো দুর্ঘটনার মুখোমুখি হতাম।

গাংনী উপজেলা নির্বাহি অফিসার মৌসুমী খানমের এই উদ্যোগ যথার্থ এবং কার্যকরী হওয়ায় আমরা যারা বিভিন্ন গাড়ির চালক রয়েছে তারা স্বাচ্ছন্দে পথ চলতে পারব।

ট্রাকচালক তারেক হোসেন জানান, প্রতি রবিবার ও বুধবার ভাটপাড়া বাজারের উপর দিয়ে আসতে চলাচল করতে আমরা নানা বিড়ম্বনায় পড়তাম, এখন থেকে এই বিরম্বনায় আর পড়তে হবে না। আমরা প্রশাসনের এই উদ্যোগকে সাধুবাদ জানাই।

ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আব্দুর রহিম জানান এই রাস্তাদিয়ে ছেলেমেয়েরা স্কুল ও কলেজে যাতায়াত করে। প্রতি রবিবার ও বুধবারে শিক্ষার্থীরা যাতায়াতে নানা ভোগান্তিতে পড়তো এখন থেকে এই ভোগান্তি আর রইল না। যথাস্থানে হাট বসায়অবমুক্ত একদিকে রাস্তা অবমুক্ত হয়েছে অন্যদিকে হাটের সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় এমন জনগুরুত্ব সংবাদ প্রকাশ হলে আমরাও প্রশাসনের পক্ষ থেকে বিষয়গুলি নজরে আসে এবং ব্যবস্থা গ্রহণ করতে সহজ হয় ।

গাংনীতে পছন্দের মোটরসাইকেল না পেয়ে কিশোরের বিষপান

মহিষ বিক্রি করে ছেলের শখের মোটরসাইকেল কিনে দিয়েছেন দিন মজুর বাবা। ছোট মোটরাসাইকেল আর নয়, এবার তার চাহিদা দামি ব্র্যান্ড সুজকি ১৫০ সিসির ডাবল ডিস্কের মোটরসাইকেলের। পরিবারের